দৈনিক খবর

তারিখ 24 SEP 1991
পৃষ্ঠা ১ কলাম ৩

# চট্টগ্রাম ভার্সিটি শিক্ষক সমিতির নির্বাচন স্থগিত

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ২৩শে সেপ্টেম্বর।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন আজ সোমবার স্থগিত ঘোষণা করা হয়েছে। বিশ্ববিদ্যালয় অফিসার সমিতির নির্বাচন আজ হতে পারেনি।

বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রম থেকে বিরত থাকার যে লাগাতার কর্মসূচী দিয়েছিল সাধারণ শিক্ষকরা তাতে সাড়া দেননি।

অর্থ সংকটের কারণে শিক্ষক সমিতির নির্বাচন স্থগিত ঘোষণা করা হয়েছে বলে নির্বাচন কমিশনার ড.

শেষ পৃষ্ঠায় ৬ষ্ঠ কলামে

# চট্টগ্রাম ভার্সিটি শিক্ষক

প্রথম পৃষ্ঠার পর

মাহফুজুল হক জানিয়েছেন। আগামী বৃহস্পতিবার নির্বাচন হওয়ার কথা ছিল। নির্বাচন পরিচালনার জন্যে সমিতি অর্থের যোগান দিতে না পারায় এ ব্যবস্থা নেয়া হয়েছে। খোঁজ নিয়ে জানা গেছে, প্রায় ৮ মাস পূর্বে উপাচার্য এক নির্বাহী আদেশ বলে শিক্ষক সমিতির তহবিল আটক রেখেছেন। সমিতি ২১শে সেপ্টেম্বরের মধ্যে তহবিল ছাড় দেয়ার জন্যে উপাচার্যকে অনুরোধ করেছিল। কিন্তু তিনি এ ব্যাপারে কোন ব্যবস্থা নেননি। এ পরিস্থিতিতে সমিতি অর্থ সমস্যায় পড়েছে। নির্বাচন পরিচালনার খরচ নির্বাচন কমিশনারকে সমিতি দিতে পারেনি।

সমিতির মাসিক চাঁদা শিক্ষকরা তাদের বেতন নেবার সময় হিসাব বিভাগকে প্রদান করেন। পুরা মাসে সংগ্রহীত চাঁদা হিসাব বিভাগ ব্যাংক চেকের মাধ্যমে সমিতিকে দিয়ে থাকে।

শিক্ষক সমিতির নির্বাচনের তারিখ ইতিপূর্বে ৩ বার স্থগিত রাখা হয়। সমিতির কার্যনির্বাহী পরিষদের মেয়াদ গত ডিসেম্বরে শেষ হয়ে গেছে।

বিশ্ববিদ্যালয় অফিসার সমিতির নির্বাচন আজ হওয়ার কথা ছিল। ইসলামী ছাত্র শিবির আজ সকালে রেজিস্ট্রার অফিসে তালা ঝুলিয়ে দিয়েছে। ফলে অফিসার সমিতির নির্বাচন হতে পারেনি। অফিসারদের মধ্যে এতে অসন্তোষ সৃষ্টি হয়েছে। রেজিস্ট্রার অফিসে তালা লাগিয়ে দেয়ায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজ বন্ধ রয়েছে।

বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রম হতে বিরত থাকার লাগাতার কর্মসূচী ঘোষণা করেছিল আজ থেকে। বর্তমান উপাচার্য আলমগীর মোহাম্মদ সিরাজুদ্দিনের পদত্যাগ দাবীতে এ কর্মসূচী ঘোষণা করা হয়। সমিতির ডাকে সাধারণ শিক্ষকরা সাড়া দেননি। তারা আজ যথারীতি ক্লাস নিয়েছেন। অবশ্য সমিতির বর্তমান নেতৃত্বের সমর্থক শিক্ষকরা ক্লাস নেননি। আজ ছাত্র-ছাত্রীদের উপস্থিতিও ছিল সন্তোষজনক।